



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
শাখা-০৬ (ভোকেশনাল-০১)
www.techedu.gov.bd

এফ-৪/বি, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।

স্মারক নম্বর: ৩৭.০৩.০০০০.০২৪.৩১.০০১.১৮.১১০৮

তারিখ: ২০ ডায় ১৪২৫

০৪ সেপ্টেম্বর ২০১৮

বিষয়: কুষ্টিয়া পলিটেকনিক ইনস্টিটিউটের ওয়ার্কশপ খালাসীগণকে জাতীয় দক্ষতামান বেসিক ড্রেড কোর্সে
অনিয়মিত হিসাবে ভর্তি/অধ্যয়নের পুনঃ প্রস্তাব প্রেরণ প্রসঙ্গে।

সূত্র: কুষ্টিয়া পলিটেকনিক ইনস্টিটিউটের স্মারক নং-পিএফ/২০১৮/৩২৩ তারিখ: ০৮/০৮/২০১৮ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের পরিপ্রেক্ষিতে জানান যাচ্ছে যে, কুষ্টিয়া পলিটেকনিক ইনস্টিটিউটের ওয়ার্কশপ খালাসীগণের জাতীয় দক্ষতামান বেসিক ড্রেড কোর্সে অনিয়মিত হিসাবে ভর্তি/অধ্যয়নের অনুমতি প্রদানের জন্য আবেদন করেন।

২। উল্লেখ্য যে, কারিগরি শিক্ষা অধিদপ্তরের স্মারক নম্বর ৩৭.০৩.০০০০.০২৪.০৫.০০১.১৭.১২২ তারিখ: ১৮ সেপ্টেম্বর ২০১৭ খ্রিঃ এর উচ্চ শিক্ষা গ্রহণের অনুমতি প্রদান সংক্রান্ত একটি বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। বিজ্ঞপ্তিতে দেখা যায় যে, “কারিগরি শিক্ষা অধিদপ্তর ও অধিদপ্তরাধীন বিভিন্ন প্রতিষ্ঠানে কর্মরত কর্মচারীগণ উচ্চ শিক্ষা গ্রহণ সংক্রান্ত বিষয়ে আবেদন করেছেন/করছেন। উক্ত আবেদন সমূহ অত্র অধিদপ্তরে প্রেরণ না করে নিষ্পত্তির লক্ষ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ের স্মারক নং-০৫.০০.০০০০.২১১.২২. ১০৬.২০০৮.৩৩৯ তারিখ: ০৬ ডিসেম্বর, ২০১৫ খ্রিস্টাব্দ মোতাবেক জারীকৃত প্রজ্ঞাপনের অনুষঙ্গ-১০(খ) অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়।”

৩। এমতাবস্থায়, এ অধিদপ্তরের বর্ণিত স্মারক মোতাবেক বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে জাতীয় দক্ষতা শিক্ষাক্রমে অনিয়মিত/বহিরাগত পরীক্ষার্থী হিসাবে পরীক্ষায় অংশগ্রহণের অনুমতি প্রদানের বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

ড. মো: নুরুল ইসলাম
পরিচালক

অধ্যক্ষ, কুষ্টিয়া পলিটেকনিক ইনস্টিটিউট, কুষ্টিয়া।

স্মারক নম্বর: ৩৭.০৩.০০০০.০২৪.৩১.০০১.১৮.১১০৮/১

তারিখ: ২০ ডায় ১৪২৫

০৪ সেপ্টেম্বর ২০১৮

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (পত্রটি অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।

২) জনাব মোঃ হাবিবুর রহমান/ মোঃ মনিরুল ইসলাম/ মোঃ নাসির উদ্দিন, ওয়ার্কশপ খালাসী, কুষ্টিয়া পলিটেকনিক ইনস্টিটিউট, কুষ্টিয়া।

৩) সংরক্ষণ নথি।

বিমল কুমার মিশ্র
সহকারী পরিচালক